

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.২৫.০৫৩.১৫.

তারিখ : ০৪ মাঘ, ১৪২৩
১৭ জানুয়ারি, ২০১৭

প্রাপক,

চেয়ারম্যান
পেট্রোবাংলা, ঢাকা।

বিষয় : ভারত সফরের অনুমতি।

মহোদয়,

Indian Technical and Economic Cooperation (ITEC) কর্মসূচীর আওতায় Centre for Excellence in Telecom Technology and Management (CETTM), Mumbai, India-তে অনুষ্ঠিতব্য “Database Management and Web Programme” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য এ বিভাগের অধীনস্থ পেট্রোবাংলার আওতাধীন বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)-এর সহকারী প্রকৌশলী জনাব জসীম উদ্দিন আহমেদকে আগামী ৩০-০১-২০১৭ হতে ২৪-০৩-২০১৭ তারিখ পর্যন্ত ৫৪ (চুয়ান্ন) দিন (যাতায়াত সময় ব্যতীত) ভারত সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হল।

২। এ সফরের শর্তাবলী নিম্নরূপ :

- তাঁর যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- বর্ণিত সফরকালীন তাঁর বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- আলোচ্য প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের যাবতীয় ব্যয়ভার ভারত সরকারের স্কলারশীপে Indian Technical and Economic Cooperation (ITEC) কর্মসূচীর আওতায় নির্বাহ করা হবে। এতে বিজিডিসিএল/পেট্রোবাংলা কিংবা বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না; এবং
- সফর শেষে কাজে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এতদ্বিষয়ে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

আপনার বিশ্বস্ত

স্বাঃ

(মোঃ শহিদুল ইসলাম)

উপ-সচিব

ফোন : ৯৫১৪১৬৫।

নং-২৮.০০.০০০০.০১১.২৫.০৫৩.১৫. ২২৫

তারিখ : ০৪ মাঘ, ১৪২৩
১৭ জানুয়ারি, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারির অনুরোধসহ)।
- মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- বাংলাদেশস্থ ভারত হাইকমিশন, ঢাকা।
- ভারতস্থ বাংলাদেশ হাইকমিশন।
- পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)।
- সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি, ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি), আইডিইবি ভবন, ১৬০/এ, কাকরাইল ভিআইপি সড়ক, ঢাকা-১০০০।
- জনাব জসীম উদ্দিন আহমেদ, সহকারী প্রকৌশলী, বিজিডিসিএল।
- ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- অফিস কপি।

(মোঃ শহিদুল ইসলাম)

উপ-সচিব